# ঢাকা স্কুল অব ইকনোমিকস
## (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত প্রতিষ্ঠান)
## ২০২৫-২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে
## ভর্তি-নির্দেশিকা

| | |
|---|---|
| **পরীক্ষার তারিখ** | ১০ জুলাই, ২০২৬ |
| **আবেদনের সময়সীমা** | ১১ মে, ২০২৬ থেকে ২৪ জুন, ২০২৬ |
| **পরীক্ষার সময়** | ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে |
| **পরীক্ষার ব্যাপ্তি** | ১ ঘন্টা ৩০ মিনিট |
| **পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ** | Admission Form Successfully Submitted হওয়ার পর ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে হবে। |
| **পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সর্বশেষ সময়** | প্রবেশপত্রে বিস্তারিত উল্লেখ থাকবে। |

**প্রার্থীর প্রাথমিক যোগ্যতা:**

- যারা ২০২০ সাল থেকে ২০২৩ সালের মধ্যে মাধ্যমিক (এস.এস.সি/দাখিল/O Level) অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০২৪ এবং ২০২৫ সালে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি/আলিম/ A Level) অথবা সমমান পরীক্ষায় উর্ত্তীণ তারা ঢাকা স্কুল অব ইকনোমিকস এ ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা এই তিন শাখা থেকে আবেদন করতে পারবে।
- O Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয় এবং A Level পরীক্ষায় অন্তত ২ টি বিষয় উত্তীর্ণ সহকারে O Level পর্যায়ে `B' গ্রেড এবং A Level পর্যায়ে `C' গ্রেড নিশ্চিত করতে হবে।
- মাধ্যমিক/সমমান এবং উচ্চ-মাধ্যমিক/সমমান প্রাপ্ত জিপিএ-এর যোগফল (৪র্থ বিষয়সহ) ন্যূনতম ৬.০০ হতে হবে। উল্লেখ্য, মাধ্যমিক/সমমান এবং উচ্চ-মাধ্যমিক/সমমান পরীক্ষার আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

**ভর্তির আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান**

- ভর্তির আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান অনলাইনে সম্পন্ন হবে। প্রার্থী আবেদন পত্র ওয়েব সাইট (du-dsce.applyingnext.com) এর মাধ্যমে সংগ্রহ ও জমাদান করতে পারবে।
- আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান প্রসঙ্গে এবং অন্যান্য জিজ্ঞাসার বিষয়ে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করতে পারবে:

  +88 01333387797 (Applying Next-Hotline & Whats App) & 01711110775 [Head of Admin, Development and Academic Affairs (incharge)], DScE.

## ঢাকা স্কুল অব ইকনোমিকস এর তিনটি ডিপার্টমেন্ট এর প্রোগ্রামসমূহ

- **Department of Environmental and Resource Economics**
  Bachelor of Social Sciences (Honours) in Environmental and Resource Economics
  Master of Economics (Environmental Economics)
- **Department of Development Economics**
  Bachelor of Social Sciences (Honours) in Development Economics
  Master of Economics (MEcon) in Development Economics
- **Department of Entrepreneurial Economics**
  Bachelor of Social Sciences (Honours) in Entrepreneurial Economics
  Master of Economics (Entrepreneurship Economics)

## ঢাকা স্কুল অব ইকনোমিকস এর আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রাম সমূহ

Bachelor of Social Sciences (Honours) in Environmental and Resource Economics (11th Batch), আসন সংখ্যা - ৫০

Bachelor of Social Sciences (Honours) in Development Economics (8th Batch), আসন সংখ্যা - ৫০

Bachelor of Social Sciences (Honours) in Entrepreneurial Economics (7th Batch), আসন সংখ্যা - ৩০

## ভর্তি -পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়

- ভর্তি পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটের মাধ্যমে (www.dsce.edu.bd) অবগত করা হবে।
- প্রার্থীরা Admission Form Successfully Submitted হওয়ার পর (du-dsce.applyingnext.com) ওয়েবসাইটের মাধ্যমে প্রবেশ পত্র সংগ্রহ করতে পারবে।
- পরীক্ষার আসন বিন্যাস প্রার্থীর রোল নম্বর অথবা ফর্মের সিরিয়াল নম্বর অনুসারে হবে। আসন বিন্যাস ওয়েবসাইট (www.dsce.edu.bd, du-dsce.applyingnext.com) থেকে জানা যাবে।
- ভর্তি-পরীক্ষা MCQ (Multiple choice Question) ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। মোট ১ ঘন্টা ৩০ মিনিটের পরীক্ষার MCQ অংশ ৪৫ মিনিট ব্যাপী এবং লিখিত অংশ ৪৫ মিনিট ব্যাপী অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।
- ভর্তি-পরীক্ষায় (MCQ ও লিখিত) প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে চূড়ান্ত মেধাস্কোর নির্ধারিত হবে।
- ভর্তি-পরীক্ষায় MCQ অংশে মোট ৬০ টি প্রশ্নে ৬০ নম্বর থাকবে (৬০×১) এবং লিখিত পরীক্ষার জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।
- পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের অনুসৃত পাঠক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

**ভর্তি-পরীক্ষার MCQ অংশের (সময়:৪৫ মিনিট) ৬০ নম্বরের বন্টন নিম্নরূপ:**

| | প্রশ্ন সংখ্যা | নম্বর |
|---|---|---|
| বাংলা/ Elective English* | ১৫টি | ১৫×১= ১৫ |
| General English | ১৫টি | ১৫×১= ১৫ |
| সাধারণ জ্ঞান | ৩০ টি | ৩০×১= ৩০ |
| | মোট প্রশ্ন = ৬০টি | মোট নম্বর = ৬০ |

* যারা GCE/A Level পাশ করেছে কেবল তারাই Elective English অংশের উত্তর দিবে।

**ভর্তি-পরীক্ষার লিখিত অংশে (সময়:৪৫ মিনিট) ৪০ নম্বরের বন্টন নিম্নরূপ:**

| | নম্বর |
|---|---|
| বাংলা/ Elective English* | ২০ |
| General English | ২০ |
| | মোট নম্বর = ৪০ |

* যারা GCE/A Level পাশ করেছে কেবল তারাই Elective English অংশের উত্তর দিবে।

- ভর্তি-পরীক্ষার MCQ অংশের এবং লিখিত অংশের বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্ন জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত শিক্ষাক্রমের আলোকে ২০২৫ সালের অনুসৃত পাঠ্যসূচি অনুসারে প্রণীত হবে। লিখিত পরীক্ষার বাংলা অংশে পাঠ্যসূচিভুক্ত একটি পাঠের মূলভাব লিখন, কবিতার উদ্ধৃতি ব্যাখ্যা, উদ্ধৃত সংলাপ ব্যাখ্যা (গদ্য, উপন্যাস ও নাটক-ভিত্তিক), লেখক/কবি পরিচিতি, মিলকরণ (গদ্য, কবিতা ও ব্যাকরণভিত্তিক), সারাংশ/সারমর্ম লিখন, বানান শুদ্ধি ও প্রমিতকরণ, সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখন, ব্যাকরণ-সম্পর্কিত বিষয়াবলি (সংজ্ঞার্থ ও দৃষ্টান্ত) এবং অনুবাদ অধিক গুরুত্ব পাবে। অপরদিকে, লিখিত পরীক্ষার General English অংশে Comprehension, Short Paragraph, Explanation (Explain with the reference to the context), Rearranging, Translation, Punctuation, Gap filling with & without clues, Sentence making, Changing and Transformation of sentences অধিক গুরুত্ব পাবে।

MCQ অংশের সাধারণ জ্ঞান-সংশ্লিষ্ট প্রশ্ন বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি বিষয়ের আলোকে হবে।

- যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই বাংলার পরিবর্তে Elective English -এর উত্তর দেবে।
- উত্তরপত্রের উপরিভাগে প্রার্থীর নাম, মাতার নাম ও পিতার নাম ইংরেজিতে যেভাবে ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রে আছে ঠিক সেভাবে লিখতে হবে।
- ভর্তি-পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০।

- উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলী অংশে বর্ণিত থাকবে।
- ভর্তি-পরীক্ষায় কোনো প্রকার Calculator বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।
- ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে না।
- প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, Calculator, বই, কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেকট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

**মেধা তালিকা, মেধাস্কোর তৈরির পদ্ধতি ও ভর্তির জন্য মনোনয়ন**

- মেধাস্কোরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে।
- মেধাস্কোর মোট ১২০ নম্বরের (ভর্তি পরীক্ষা:১০০, মাধ্যমিক/সমমান:১০, উচ্চ মাধ্যমিক/সমমান: ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল এর সাথে ১০০ নম্বরের ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মোট ১২০ নম্বরের ওপর পরীক্ষার্থীর মেধাস্কোর তৈরি করা হবে।
- ঢাকা স্কুল অব ইকনোমিকস এর ওয়েবসাইটে (www.dsce.edu.bd) ও নোটিশ বোর্ডে ফলাফল প্রকাশ করা হবে।
- মেধা তালিকার ভিত্তিতে ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে।

**ফলাফল প্রকাশ, মনোনয়ন ও প্রোগ্রাম নির্বাচন**

- ২২ জুলাই, ২০২৬ ফলাফল প্রকাশ করা হবে।
- কোনো প্রার্থী ভর্তির জন্য নির্বাচিত হলে, তার নিকট প্রেরিত Link এর মাধ্যমে সে ঢাকা স্কুল অব ইকনোমিকস এর ৩ টি প্রোগ্রামের_ক্ষেত্রে নিজ ইচ্ছা অনুযায়ী প্রোগ্রাম choice প্রেরন করবে।
- প্রার্থীকে অব্যশই তিনটি প্রোগ্রাম কে First, Second & Third choice হিসেবে ক্রমানুসারে উল্লেখ করতে হবে।
- ২৩ জুলাই, ২০২৬ Link প্রেরণ করা হবে এবং ৩১ জুলাই, ২০২৬ Subject Choice Submit করতে হবে।
- ১০ আগষ্ট, ২০২৬ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে এবং আসন সংখ্যা ও মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত বিষয় প্রার্থীকে অবগত করা হবে (www.dsce.edu.bd)

**ভর্তি প্রক্রিয়া**

- ১১ আগস্ট, ২০২৬ থেকে ২০ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- প্রার্থীকে অব্যশই ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্য এর জন্য ওয়েবসাইটের (www.dsce.edu.bd) নির্দেশনা অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
- প্রার্থী কোনো প্রোগ্রামে ভর্তির জন্য মনোনীত হলে ঐ প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে সে ভর্তির সুযোগ হারাবে।
- প্রার্থী কোনো প্রোগ্রামে ভর্তি হওয়ার পর, সে যদি প্রোগ্রাম পরিবর্তন করতে চায় তাহলে পরবর্তীতে

নির্ধারিত সময়ের মধ্যে আসন খালি থাকা সাপেক্ষে, ভর্তির ন্যূনতম যোগ্যতায় কোনো ব্যতিক্রম উল্লেখ না থাকা সাপেক্ষে কিংবা প্রোগ্রামের শর্ত পূরণ সাপেক্ষে মেধা অনুসারে সে প্রোগ্রাম পরিবর্তনের সুযোগ পাবে।

- ২৩ আগস্ট, ২০২৬ থেকে ৩১ আগস্ট, ২০২৬ পর্যন্ত আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে।
- ইন্সটিটিউটের চাহিদা অনুযায়ী প্রার্থীকে নিম্ন লিখিত কাগজপত্র আনতে হবে:
  - ক. সম্প্রতি তোলা ৪ কপি পাসপোর্ট আকারের এবং ২ কপি স্ট্যাম্প আকারের রঙিন ছবি ;
  - খ. মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার মূল নম্বর পত্র/ ট্রান্সক্রিপ্ট এবং দুই কপি করে নম্বরপত্রের / ট্রান্সক্রিপ্টের ফটোকপি;
  - গ. মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট এবং দুই কপি করে সার্টিফিকেটের ফটোকপি;
  - ঘ. মূল নাগরিকত্ব সনদপত্র (যদি না থাকে,সেক্ষেত্রে মূল জন্ম নিবন্ধন সনদপত্র) এবং ২ টি করে ফটোকপি।
  - ঙ. এস.এস.সি এবং এইচ.এস.সি পর্যায়ে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র এবং ২ টি করে ফটোকপি।

**ছবি ও ফটোকপিগুলি সত্যায়িত করে নিয়ে আসতে হবে।**

**বিশেষ দ্রষ্টব্য : ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যেকোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার DScE কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**